

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৫৫০

১/ বিবিধ

আরবী

رحمة الله عليك إن كنت ما علمت لوصولا للرحم، فعولا للخيرات، والله لولا حزن من بعدك عليك لسرني أن أتركك حتى يحشرك الله من بطون السباع - أو كلمة نحوها - أما والله على ذلك لأمثلن بسبعين كمثلتك. فنزل جبريل عليه السلام على محمد صلى الله عليه وسلم بهذه السورة وقرأ: (وإن عاقبتهم فعاقبوا بمثل ما عوقبتم به) إلى آخر الآية، فكفر رسول الله صلى الله عليه وسلم (يعني عن يمينه) ، وأمسك عن ذلك  
ضعيف

أخرجه أبو بكر الشافعي في " الفوائد " ( 2 / 6 / 1 - 2 ) والحاكم ( 3 / 197 ) والبزاز والطبراني والبيهقي في " دلائل النبوة " ( ج 1 - غزوة أحد ) والواحدي ( 146 / 1 ) عن صالح المري عن سليمان التيمي عن أبي عثمان النهدي عن أبي هريرة: " أن رسول الله صلى الله عليه وسلم وقف على حمزة بن عبد المطلب حين استشهد، فنظر إلى منظر لم ينظر إلى منظر أوجع للقلب منه، أو أوجع لقلبه منه، ونظر إليه وقد مثل به فقال: " فذكره

وسكت عنه الحاكم وتعقبه الذهبي بقوله: " قلت: صالح واه ". وقال الحافظ ابن كثير ( 2 / 592 ) : " وهذا إسناد فيه ضعف لأن صالحا هو ابن بشير المري ضعيف عند الأئمة

وكذلك ضعفه الهيتمي في " المجمع " ( 6 / 119 ) . ورواه البيهقي أيضا من طريق

يحيى بن عبد الحميد قال: حدثنا قيس عن ابن أبي ليلى عن الحكم عن مقسم عن ابن عباس مرفوعا نحوه وزاد: " فقال رسول الله صلى الله عليه وسلم: بل نصبر يا رب وسنده ضعيف، مسلسل بالضعفاء الثلاثة: ابن أبي ليلى فمن دونه! قلت: وقد ثبت بعضه مختصرا من طرق أخرى فأخرج الحاكم (3 / 196) والخطيب في " التلخيص " (44 / 1) عن أنس " أن رسول الله صلى الله عليه وسلم مر بحمزة يوم أحد وقد جدع ومثل به فقال: " لولا أن صفة تجد لتركته حتى يحشره الله من بطون الطير والسباع، فكفنه في نمرة ". وقال: " صحيح على شرط مسلم " ووافقه الذهبي وهو كما قالوا. ورواه الحاكم (3 / 197 - 198) والبزاز والطبراني من حديث ابن عباس بسند لا بأس به في المتابعات والشواهد. وسبب نزول الآية السابقة في هذه الحادثة صحيح فقد قال أبي بن كعب: " لما كان يوم أحد أصيب من الأنصار أربعة وستون رجلا، ومن المهاجرين ستة، فمثلوا بهم وفيهم حمزة، فقالت الأنصار لئن أصبناهم مثل هذا لنربين عليهم، فلما كان يوم فتح مكة أنزل الله عز وجل (وإن عاقبتهم فعاقبوا بمثل ما عوقبتهم به) الآية، فقال رجل: لا قريش بعد اليوم، فقال رسول الله صلى الله عليه وسلم: " كفوا عن القوم غير أربعة رواه الترمذي (4 / 133) ، والحاكم (2 / 359) وعبد الله بن أحمد في " زوائد المسند " (5 / 135) وحسنه الترمذي، وقال الحاكم: " صحيح الإسناد "، ووافقه الذهبي، وهو كما قالوا

বাংলা

৫৫০। আল্লাহর রহমত আপনার উপর আমি আপনাকে যতটুকু জানি অবশ্যই আপনি রক্তের সম্পর্ক দৃঢ়কারী এবং উত্তম কর্মগুলো বাস্তবায়নকারী। আল্লাহর শপথ আপনার পরে কেউ যদি আপনার জন্য চিন্তিত না হতো; তাহলে অবশ্যই আমাকে খুশি করত আপনাকে পরিত্যক্ত অবস্থায় ছেড়ে দেয়া। যাতে করে আল্লাহ আপনার হাশর করেন পশু-পাখীর পেট হতে (অথবা অনুরূপ কথা বলেছেন)। আল্লাহর কসম আপনাকে যে রূপ মুসলা করেছে অনুরূপভাবে তাদের সত্তরজনকে আমি মুসল করবো। জিবরীল (আঃ) মুহাম্মাদ সালাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এ সূরা (আয়াত) নিয়ে অবতরণ করলেন এবং পাঠ করলেনঃ “আর যদি তোমরা প্রতিশোধ গ্রহণ কর, তবে ঐ পরিমাণ প্রতিশোধ গ্রহণ করবে, যে পরিমাণ তোমাদেরকে কষ্ট দেয়া হয়... (আয়াতের শেষ পর্যন্ত) তাদের

চক্রান্তের কারণে মন ছোট করবেন না”। অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার কসমের কাফফারা দিলেন এবং তা (বাস্তবায়ন করা) হতে বিরত থাকলেন।

হাদীছটি দুর্বল।

এটি আবু বাকর আশ-শাফে'ঈ "আল-ফাওয়ায়েদ" (২/৬/১-২) গ্রন্থে, হাকিম (৩/১৯৭), বাযযার, তাবারানী, বাইহাকী "দালায়েলুন নবুওয়াহ" (১/উহুদ যুদ্ধ) এবং আল-ওয়াহেদী (১/১৪৬) সালেহ আল মুররী সূত্রে সুলায়মান আত-তায়মী হতে ... বর্ণনা করেছেন।

হাকিম হাদিসটির উপর সিদ্ধান্ত প্রদান হতে চুপ থেকেছেন। এ কারণে হাফিয যাহাবী তার সমালোচনা করে বলেছেনঃ সালেহ দুর্বল। আর হাফিয ইবনু কাসীর (২/৫৯২) বলেছেনঃ এ সনদটিতে দুর্বলতা রয়েছে। কারণ সালেহ হচ্ছেন ইবনু বাসীর আল-মুররী, ইমামদের নিকট তিনি দুর্বল।

অনুরূপভাবে হায়ছামীও তাকে "আল-মাজমা" (৬/১১৯) গ্রন্থে দুর্বল আখ্যা দিয়েছেন।

বাইহাকী অন্য একটি সূত্রে হাদিসটি বর্ণনা করেছেন যার সনদে পর্যায়ক্রমে তিনজন দুর্বল বর্ণনাকারী রয়েছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71429>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন